# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

**BANGLADESH STANDARDS AND TESTING INSTITUTION**

মান ভবন

১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

116-A,TEJGAON INDUSTRIAL AREA,DHAKA-1208

ফোনঃ ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১, ৯১৩১৫৮২

Fax : 88-02-9131581, E-mail : dg@bsti.gov.bd, ictcell.bsti@gmail.com, Web : www.bsti.gov.bd


সূত্রঃ ৩৬.০৫.০০০.২২.০০.০১৭.২০১৪ তারিখঃ ০৪-০৫-২০১৫খ্রিঃ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ভবন # ১, কক্ষ # ৩০১
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।

**[ দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, আইসিটি অধিশাখা। ]**

**বিষয়ঃ বিএসটিআই এর ইনোভেশন টীম পুন:গঠন সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ ০৪.০০.০০০০.২৩২.৪৫.০১৭.১৩.২৭, তারিখঃ ২০-০৫-২০১৩ খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে মহা-পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, সংস্থার কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে গত ২৯-০৫-২০১৩ তারিখে বিএসটিআই-এ ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট্য একটি ইনোভেশন টিম গঠন পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করা হয়। অফিসের কাজের প্রয়োজনে সম্প্রতি গত ৩০-০৪-২০১৫ তারিখে উক্ত টীম পুন:গঠন করা হয়েছে (কপি সংযুক্ত) । উক্ত ইনোভেশন টীম গঠন সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছকে পূরনপূর্বক আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

আপনার অনুগত,

৫/৫/১৫

(মোঃ খলিলুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৮৮৭০২৭৭

সংযুক্তিঃ বর্ণনামতে।

**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন**
**BANGLADESH STANDARDS AND TESTING INSTITUTION**
মান ভবন
১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
116-A,TEJGAON INDUSTRIAL AREA,DHAKA-1208
ফোনঃ ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১, ৯১৩১৫৮২
Fax : 88-02-9131581, E-mail : dg@bsti.gov.bd, ictcell.bsti@gmail.com, Web : www.bsti.gov.bd

সূত্রঃ ৩৬.০৫.০০০.২২.০০.০১৭.২০১৪ তারিখঃ ০৪-০৫-২০১৫খ্রিঃ

সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯১, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

**(দৃষ্টি আকর্ষণঃ জনাব মোঃ জহির আহমদ, উপ-সচিব, ই-গভঃ ও আইসিটি অধিশাখা।**
**ই-মেইলঃ** *moind_ictcell@yahoo.com, dsict@moind.gov.bd, hasnajahan68@gmail.com*)

**বিষয়ঃ বিএসটিআই এর ইনোভেশন টীম পুন:গঠন সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ ৩৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১৩-**৩৭৫** তারিখঃ ১৯-০৫-২০১৩খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে মহা-পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, সংস্থার কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে গত ২৯-০৫-২০১৩ তারিখে বিএসটিআই-এ ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি ইনোভেশন টিম গঠন পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করা হয়। অফিসের কাজের প্রয়োজনে সম্প্রতি গত ৩০-০৪-২০১৫ তারিখে উক্ত টীম পুন:গঠন করা হয়েছে (কপি সংযুক্ত) । উক্ত ইনোভেশন টীম গঠন সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছকে পূরনপূর্বক আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

আপনার অনুগত,

০৫/০৫/১৫
(মোঃ খলিলুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৮৮৭০২৭৭

সংযুক্তিঃ বর্ণনামতে।

# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন
**BANGLADESH STANDARDS AND TESTING INSTITUTION**
মান ভবন
১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
116-A,TEJGAON INDUSTRIAL AREA,DHAKA-1208
ফোনঃ ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১, ৯১৩১৫৮২
Fax : 88-02-9131581, E-mail : dg@bsti.gov.bd, ictcell.bsti@gmail.com, Web : www.bsti.gov.bd


সূত্রঃ ৩৬.০৫.০০০.২২.০০.০১৭.২০১৪ তারিখঃ ০৪-০৫-২০১৫খ্রিঃ

## বিএসটিআই এর ইনোভেশন টীম পুন:গঠন (৩০-০৪-২০১৫)
## সংক্রান্ত তথ্যের ছক

| ইনোভেশন অফিসার | | | | |
|---|---|---|---|---|
| ক্র:নং | নাম | পদবী ও অফিস ঠিকানা | ফোন (দাপ্তরিক ও মোবাইল | ইমেইল |
| ০১ | জনাব মোঃ রেজাউল করিম | পরিচালক (মান)<br>বিএসটিআই<br>১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা<br>ঢাকা-১২০৮। | ৮৮৭০২৭৮<br>০১৫৫২৪০২৯৮৫ | dstd@bsti.gov.bd<br>rkarim_bsti@yahoo.com |

| সদস্যবৃন্দ | | | | |
|---|---|---|---|---|
| ক্র:নং | নাম | পদবী ও অফিস ঠিকানা | ফোন (দাপ্তরিক ও মোবাইল) | ইমেইল |
| ০২ | জনাব আ, ন, ম আসাদুজ্জামান | উপ-পরিচালক (প্রশাসন-১)<br>বিএসটিআই<br>১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা<br>ঢাকা-১২০৮। | ৮৮৭০৮৮৭<br>০১৮১৯২৯৬৩১৩ | dda1@bsti.gov.bd<br>zaman341@yahoo.com |
| ০৩ | জনাব মোঃ সেলিম রেজা | উপ-পরিচালক (সিএম)<br>বিএসটিআই<br>১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা<br>ঢাকা-১২০৮। | ৮৮৭০২৮৭<br>০১৭১৮৩৩৬০৯৬ | sreza_bsti@yahoo.com |
| ০৪ | জনাব শাহীন সুলতানা | প্রোগ্রামার<br>আইসিটি সেল, বিএসটিআই<br>১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা<br>ঢাকা-১২০৮। | ০১৭১৭৬০৩৯৪০<br><br>আইপি ফোন :<br>০২৭৩৫৬৩ | programmer@bsti.gov.bd<br>ictcell.bsti@gmail.com |
| ০৫ | জনাব মোহাম্মদ জাকির হোসেন | সিনিয়র কম্পিউটার অপারেটর<br>আইসিটি সেল, বিএসটিআই<br>১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা<br>ঢাকা-১২০৮। | ০১৬৭২৭১৫৫৮৩<br><br>আইপি ফোন :<br>০২৭৩৫৬৩ | SCO@bsti.gov.bd<br>infojakir@gmail.com<br>ictcell.bsti@gmail.com |

০৫/৫/১৫

(মোঃ খলিলুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোন : ৮৮৭০২৭৭

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
BANGLADESH STANDARDS AND TESTING INSTITUTION
মান ভবন
১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
116-A,TEJGAON INDUSTRIAL AREA,DHAKA-1208
ফোনঃ ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১, ৯১৩১৫৮২
Fax : 88-02-9131581, E-mail : dg@bsti.gov.bd, ictcell.bsti@gmail.com, Web : www.bsti.gov.bd

সূত্রঃ ৩৬.০৫.০০০.২২.০০.০১৭.২০১৪ তারিখঃ ৩০-০৪-২০১৫খ্রিঃ

# অফিস আদেশ

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাধনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের ০২-০৫-২০১৩ তারিখের পত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৪-২০১৩ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী (কপি সংযুক্ত) অত্র সংস্থার পূর্ব গঠিত ইনোভেশন টীম নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে পুন:গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রেজাউল করিম, পরিচালক (মান) | -- | ইনোভেশন অফিসার |
| ২। | জনাব আ.ন.ম. আসাদুজ্জামান, উপ-পরিচালক (প্রশাসন-১) | -- | সদস্য |
| ৩। | জনাব মোঃ সেলিম রেজা, উপ-পরিচালক (সিএম) | -- | সদস্য |
| ৪। | জনাব শাহীন সুলতানা, প্রোগ্রামার | -- | সদস্য |
| ৫। | জনাব মোহাম্মদ জাকির হোসেন, সিনিয়র কম্পিউটার অপারেটর | -- | সদস্য |

মন্ত্রিপরিষদ বিভাগের বর্ণিত গেজেটে ইনোভেশন টিমের কার্যপরিধি, ইনোভেশন অফিসার এর দায়িত্ব ইত্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখ করা রয়েছে। কমিটিকে উল্লিখিত গেজেটের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

এই আদেশ অত্র অফিসের জারীকৃত স্মারক নং ৩৬.০৯৫.০০০.২২.০০.০০৫.২০১১/১২৬২(৫), তারিখ : ২৯-০৫-২০১৩ এর সংশোধনী হিসেবে গণ্য হবে।

৩০/৪/১৫
(মোঃ খলিলুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোন : ৮৮৭০২৭৭

**বিতরণঃ**

সংশ্লিষ্ট সকল কর্মকর্তা (৫জন)

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। মহা-পরিচালক, বিএসটিআই, ঢাকা।

২। পরিচালক (রসায়ন/প্রশাসন/মান/সিএম), বিএসটিআই, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কম্পিউটার সেল
www.cabinet.gov.bd

নং-০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.২১

১২ বৈশাখ ১৪২০
তারিখঃ
২৫ এপ্রিল ২০১৩

বিষয়: 'ইনোভেশন টিম' গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন প্রেরণ।

'ইনোভেশন টিমের গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হল। প্রজ্ঞাপনের একটি কপি তাঁর অধিনস্থ দপ্তর/সংস্থায় প্রেরণের জন্যও অনুরোধ করা হল।

সংযুক্তি: প্রজ্ঞাপনের কপি-১ (এক) টি।

(সাবিহা পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫১৩৬০৩
ই-মেইলঃ *ds_ict@cabinet.gov.bd*

মহাপরিচালকের দপ্তর, বিএসটিআই
গ্রহণের তারিখ :
পরিচালক
মান/মেট/রসায়ন/প্রশাসন/শিল্প/পদার্থ
প্রকল্প পরিচালক
সিস্বাহ/বিকিউঃ/মাঃএঃ/জেন্ডি/বেষ্ট
ব্যক্তিগত সহকারী
ডাইরী নং- তারিখ :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন (সমন্বয়)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
**www. moind.gov.bd**

নং-৩৬.০৪৯.০১৬.০০.১৩.৫২.২০১২/১০১

তারিখ ঃ ০২-০৫-২০১৩ খ্রিঃ

মন্ত্রিপরিষদ বিভাগের ২৫-০৪-২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.২১ নং পত্রের ছায়ালিপি সংলগ্নীসহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

(খন্দকার রফিকুল ইসলাম)
উপসচিব
ফোন ঃ ৯৫৫১৩৮৪
dscord@moind.gov.bd

বিতরণ ঃ-

১. চেয়ারম্যান, বিসিআইসি/বিএসএফআইসি/বিএসইসি/বিসিক, ঢাকা।
২. মহাপরিচালক, বিটাক/বিএসটিআই/বিআইএম/বিএবি, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (সকল)/যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪. রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৭. পরিচালক, এনপিও, ঢাকা।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রধান বয়লার পরিদর্শক, বয়লার পরিদর্শকের কার্যালয়, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১১. অফিস কপি।
১২. গার্ড ফাইল।

— ১ —

DDA-1

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ চৈত্র ১৪১৯/০৮ এপ্রিল ২০১৩

নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮—জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করিয়া ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। বর্তমানে বিদ্যমান আইসিটি ফোকাল পয়েন্ট-এর পদনাম মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং অধিদপ্তর/সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসার হিসাবে পরিবর্তিত হইবে।

২। **ইনোভেশন টিমের গঠন:**

| | | |
|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগ পর্যায় | চিফ ইনোভেশন অফিসার | - অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা; |
| | সদস্য | - মনোনীত কর্মকর্তা ৩-৫ জন (ন্যূনতম ০১ জন করিয়া কর্মকর্তা আইসিটি ও পরিকল্পনা অনুবিভাগ/ অধিশাখা/শাখা হইতে মনোনীত হইবেন)। |
| | | - মন্ত্রণালয়/বিভাগে বর্তমানে বিদ্যমান ওয়ার্ক ইমপ্রুভমেন্ট টিম (Work Improvement Team/ WIT) ইনোভেশন টিম হিসাবে রূপান্তরিত হইবে এবং WIT-প্রধান চিফ ইনোভেশন অফিসার হিসাবে মনোনীত হইবেন। |



মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| অধিদপ্তর/সংস্থা পর্যায় | ইনোভেশন অফিসার | - | পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা; |
| | সদস্য | - | মনোনীত কর্মকর্তা ৩-৫ জন (ন্যূনতম ০১ জন করিয়া কর্মকর্তা আইসিটি/ পরিকল্পনা সেল হইতে মনোনীত হইবেন)। |
| জেলা পর্যায় | ইনোভেশন অফিসার | - | অতিরিক্ত জেলা প্রশাসক; |
| | সদস্য | - | সহকারী কমিশনার ১ জন; |
| | | | জেলার অন্যান্য দপ্তর থেকে মনোনীত কর্মকর্তা ৩-৫ জন। |
| উপজেলা পর্যায় | ইনোভেশন অফিসার | - | উপজেলা নির্বাহী অফিসার; |
| | সদস্য | - | সহকারী কমিশনার (ভূমি); |
| | | | উপজেলার অন্যান্য দপ্তর থেকে মনোনীত কর্মকর্তা ৩-৫ জন। |

৩। **ইনোভেশন টিমের সদস্য মনোনয়নের ক্ষেত্রে বিবেচ্য পূর্বদক্ষতা:**

উচ্চতর প্রশিক্ষণ/শিক্ষা গ্রহণকারী, অতিরিক্ত দায়িত্বগ্রহণ ও নতুন উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী, নেতৃত্ব প্রদানে সক্ষম, দলীয়ভাবে কাজ করিতে স্বচ্ছন্দ এবং অন্যকে সহায়তা করিবার মানসিকতা ও ক্ষমতাসম্পন্ন কর্মকর্তাগণকে এই টিমের সদস্য হিসাবে মনোনয়নের জন্য বিবেচনা করা যাইতে পারে। বদলিজনিত বা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সময়ে সময়ে চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিমের সদস্য পরিবর্তন করিতে পারিবেন। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সচিব, অধিদপ্তর/সংস্থা পর্যায়ে অধিদপ্তর/সংস্থাপ্রধান এবং জেলা ও উপজেলা পর্যায়ে জেলা প্রশাসক ইনোভেশন টিম গঠন করিবেন।

৪। **ইনোভেশন টিমের কার্যপরিধি:**

(১) স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

(২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;

(৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

(৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং

(৫) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।



৫। **চিফ ইনোভেশন/ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:**

(১) স্ব স্ব কার্যালয়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;

(২) পরিবর্তনের রূপকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রি গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া ে আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজ উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্ বিকাশসাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;

(৩) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

(৪) স্বীয় কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব ' এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধ আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;

(৫) স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈ হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(৬) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্ত নিশ্চিতকরণ;

(৭) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয়সভায় উপস্থাপন;

(৮) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার : সমন্বয়সাধন; এবং

(৯) জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framewo এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন (standardizatior ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।

৬। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই প্রজ্ঞাপনের আলোকে ইনোভেশন টিম গঠনপূর্বক মন্ত্রিপরিষদ বিভ অবহিত করিবেন এবং টিমকে যথাযথ সহযোগিতা প্রদান করিবেন।

৭। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
অতিরিক্ত সচিব (প্রসও

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মু
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd